

শিক্ষকদের বিদেশ অবস্থান ও মোখালেছুরের সম্পদ সম্পর্কে চাৰি কৰ্তৃপক্ষের মতামত চেয়ে শিক্ষা মন্ত্রণালয়ের পত্র

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

শিক্ষা ছুটিতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বিদেশে অবস্থান এবং কারিগরি কর্মচারী সমিতির নেতা মোখলেছুর রহমানের অর্থ-সম্পদ সম্পর্কে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মতামত চেয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ডিসিকে শিক্ষা মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত মতামত চেয়ে পত্র দেয়া হয়েছে। মন্ত্রণালয়ের উপ-সচিব অনোয়ারা বেগম স্বাক্ষরিত পত্রে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বিদেশে অবস্থানের কারণ এবং মোখলেছুরের বিরুদ্ধে ফেরত অভিযোগ সাংস্কৃতি পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছে সে বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মতামত চাওয়া হয়েছে।

মন্ত্রণালয়ের পত্র প্রসঙ্গে তিনি অধ্যাপক ড. এসএমএ ফাতেজ বলেন, পত্র-পত্রিকায় বিশ্ববিদ্যালয় সম্পর্কিত প্রকাশিত সংবাদের নিয়মিত মতামত চাওয়া হয়। এমনই একটি পত্র বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় থেকে পেয়েছি। যাচাই-বাছাই করে শিপনিগই মতামত দেয়া হবে।